বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা - ১৩৪৩
www.bpatc.gov.bd

ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাঃ রফিকুল ইসলাম পরিচালক
সভার তারিখ	২৮ সেপ্টেম্বর ২০২৫
সভার সময়	সকাল ১০ টা
স্থান	ইনোভেশন অফিসার (পরিচালক, প্রশাসন) এর অফিস কক্ষ
উপস্থিতি	১। ড. মোঃ মোরশেদ আলম, উপপরিচালক, ২। মোঃ মামুন-অর-রশীদ, লাইব্রেরিয়ান, ৩। মোহাম্মদ মাসুম রহমান, সহকারী প্রোগ্রামার

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সদস্য সচিবকে সভার কার্যক্রম উপস্থাপনের অনুরোধ জানান। সদস্য সচিব ২০২৪-২৫ অর্থবছরে অনুষ্ঠিত **"মাইগভ প্লাটফর্ম ব্যবহার বৃদ্ধি"** শীর্ষক ২টি কর্মশালার মাধ্যমে মাইগভ প্লাটফর্মে **৪টি নতুন সেবা সংযুক্তি** সংক্রান্ত প্রস্তাবনা উপস্থাপন করেন। এছাড়া, বিপিএটিসির **ERP সফটওয়্যারে ৩টি নতুন প্রস্তাবনা সংযুক্তি** সম্পর্কেও আলোচনা করা হয়। আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। **ডুপ্লিকেট সনদ / নম্বরপত্র প্রদান** সংক্রান্ত বিষয়ে মাইগভ প্লাটফর্মে বিপিএটিসির নির্ধারিত ফরম/লিংক সংযুক্তির ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। **Rest & Recreation ছুটি সংক্রান্ত নোটিফিকেশন**: প্রতিটি কর্মচারীকে ছুটি সংক্রান্ত মেসেজ এলার্ট প্রদানের জন্য ERP সিস্টেমে নতুন ফিচার সংযোজনের লক্ষ্যে আইসিটি অনুবিভাগ বরাবরে পত্র প্রেরণ করা হবে।

৩। **ACR Input নোটিফিকেশন**: যখন কোনো কর্মচারীর ACR Input সম্পন্ন হবে, তখন এলার্ট সিস্টেমের মাধ্যমে তাকে অবহিত করার জন্য ERP-তে নতুন ফিচার সংযোজনের লক্ষ্যে আইসিটি অনুবিভাগ বরাবরে পত্র প্রেরণ করা হবে।

৪। **আবাসন ব্যবস্থাপনা মডিউল**: একটি পূর্ণাঙ্গ আবাসন ব্যবস্থাপনা (Accommodation Management) মডিউল ERP সিস্টেমে সংযোজনের জন্য আইসিটি অনুবিভাগ বরাবরে পত্র প্রেরণ করা হবে।

৫। **পূর্ণাঙ্গ Leave Management Module:** বিভিন্ন ধরণের ছুটি (Casual, Earned, Rest & Recreation ইত্যাদি) আবেদন, অনুমোদন, অবশিষ্ট ছুটির হিসাব, ইতিহাস ও রিপোর্ট জেনারেশনের জন্য একটি **সম্পূর্ণ Leave Management Module** উন্নয়ন ERP সিস্টেমে সংযোজন।

উপরিউক্ত **সিদ্ধান্ত-১** বাস্তবায়নের জন্য মাইগভ প্লাটফর্মের **সেন্ট্রাল ম্যানেজমেন্ট টিমের সঙ্গে যোগাযোগের** সিদ্ধান্ত নেওয়া হয়। একইসঙ্গে, **সিদ্ধান্ত ২ থেকে ৫** বাস্তবায়নের লক্ষ্যে আইসিটি অনুবিভাগ বরাবরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
আর কোনো বিষয় আলোচনার জন্য অবশিষ্ট না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের **সমাপ্তি ঘোষণা করেন।**

০৬-১০-২০২৫
মোহাঃ রফিকুল ইসলাম
পরিচালক
০২২২৪৪৪৫০২৩ (ফোন)
০২২২৪৪৪৫০২৯ (ফ্যাক্স)
dir.admin@bpatc.gov.bd

তারিখ: ২১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
০৬ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.০১.২৬৭২.০০০.১৫৪.০৬.০০০১.১৮.১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য (সকল), ইনোভেশন টিম, বিপিএটিসি, সাভার, ঢাকা।
২। পিএসটু রেক্টর (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য), বিপিএটিসি, সাভার, ঢাকা।

১৩-১১-২০২৫
মোহাঃ রফিকুল ইসলাম
পরিচালক